বাংলাদেশের সুবর্ণজয়ন্তী Bangladesh 50

BAPEX

# বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিমিটেড (বাপেক্স)

বাপেক্স ভবন, ৪ কাওরান বাজার বা/এ, ঢাকা-১২১৫
www.bapex.com.bd

মুজিব শতবর্ষ

স্মারক নম্বর: ২৮.০৯.০০০০.০৬১.০১.০০১.২১(০৮)

তারিখ: ১১ আগস্ট, ২০২১ / ২৭ শ্রাবণ, ১৪২৮

বিষয়: আগস্ট, ২০২১ মাসে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।

**সভার স্থান** : বোর্ড রুম (লেভেল-৬)
**তারিখ** : ১১ আগস্ট, ২০২১
**সময়** : বেলা ২.৩০টা
**সভাপতি** : জনাব মোহাম্মদ আলী, ব্যবস্থাপনা পরিচালক, বাপেক্স।
**উপস্থিতি** : পরিশিষ্ট ‘ক’

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে ব্যবস্থাপনা পরিচালক মহোদয় সভার সূচনা করেন। অতঃপর তিনি কোম্পানি সচিবকে আলোচ্য বিষয় অনুযায়ী আলোচনা শুরুর জন্য অনুরোধ করেন। মহাব্যবস্থাপক ও কোম্পানি সচিব জুলাই, ২০২১ মাসের সমন্বয় সভার সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি এবং নতুন আলোচ্য বিষয় পর্যায়ক্রমে নিম্নরূপভাবে উপস্থাপন করেন:

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১। | ডাটা ম্যানেজমেন্ট বিভাগের অতিরিক্ত জায়গা পেট্রোবাংলার নিকট হস্তান্তর | ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের জিজ্ঞাস্যের জবাবে মহাব্যবস্থাপক (প্রশাসন) সভাকে জানান, জুলাই-২০২১ মাসে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার সিদ্ধান্ত অনুযায়ী ডাটা ম্যানেজমেন্ট বিভাগের অতিরিক্ত জায়গা পেট্রোবাংলার নিকট হস্তান্তরের লক্ষ্যে মহাব্যবস্থাপক(প্রশাসন), উপমহাব্যবস্থাপক(সেবা) ও ব্যবস্থাপক(সেবা) পেট্রোবাংলায় অবস্থিত ডাটা ম্যানেজমেন্ট-এর জায়গা পরিদর্শন করেন। অতঃপর ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের পরামর্শক্রমে উক্ত বিভাগের অকেজো মালামালের তালিকা করার জন্য একটি কমিটি গঠন করা হয়। উক্ত কমিটির তালিকা অনুযায়ী কিছু অকেজো মালামাল ইতোমধ্যে রূপগঞ্জ গ্যাস ক্ষেত্রে প্রেরণ করা হয়েছে। তাছাড়া ডাটা ম্যানেজমেন্ট বিভাগের অতিরিক্ত জায়গা পেট্রোবাংলার নিকট হস্তান্তরের লক্ষ্যে পেট্রোবাংলায় পত্র প্রেরণ করা হয়েছে। অবশিষ্ট অকেজো মালামাল স্থানান্তর এবং ডাটা ম্যানেজমেন্ট বিভাগের অতিরিক্ত জায়গা পেট্রোবাংলার নিকট হস্তান্তরের বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে। | দ্রুততার সাথে ডাটা ম্যানেজমেন্ট বিভাগের অকেজো/ব্যবহার অযোগ্য মালামাল ডিআরএস-এ প্রেরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | মহাব্যবস্থাপক (প্রশাসন) এবং কোম্পানি সচিব |

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ২। | অকেজো মালামাল রূপগঞ্জে প্রেরণ | (ক) উপমহাব্যবস্থাপক (সেবা) সভাকে অবহিত করেন, মোট ০৮টি বিভাগ হতে অকেজো মালামালের তালিকা ভান্ডার উপবিভাগে হস্তান্তর করা হয়েছে। তন্মধ্যে ০৪টি বিভাগ (কোম্পানি সচিবালয়, হিসাব ও অর্থ, উৎপাদন এবং ভূপদার্থিক)-এর অকেজো মালামাল ইতোমধ্যে রূপগঞ্জ গ্যাস ক্ষেত্রে স্থানান্তর করা হয়েছে। অবশিষ্ট ০৪টি বিভাগের অকেজো মালামাল দ্রুত রূপগঞ্জ গ্যাস ক্ষেত্রে স্থানান্তর করা হবে। | (ক) স্বল্প সময়ের মধ্যে অবশিষ্ট বিভাগ সমূহের অকেজো/ব্যবহার অযোগ্য মালামালের তালিকা প্রশাসন বিভাগের নিকট প্রেরণ করতে হবে এবং পর্যায়ক্রমে সেগুলো রূপগঞ্জ গ্যাসক্ষেত্রে স্থানান্তরের বিষয়ে সেবা উপবিভাগ প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে। | (ক) সকল মহাব্যবস্থাপক, উপমহাব্যবস্থাপক(সেবা) এবং উপমহাব্যবস্থাপক(ভান্ডার) |
| | | (খ) নিলাম কমিটির সদস্য মনোনয়ন প্রদানের জন্য পেট্রোবাংলায় পত্র প্রেরণ করা হয়েছে কিনা এ প্রশ্নের জবাবে উপমহাব্যবস্থাপক (যান্ত্রিক) জনাব মোঃ মনিরুজ্জামান সভায় জানান, পত্র প্রেরণের প্রেক্ষিতে যাকে মনোনীত করা হয়েছিল তিনি অবসরে গমণ করেছেন বিধায় নতুন কোন ব্যক্তি/ মহাব্যবস্থাপক (সেবা), পেট্রোবাংলা-কে মনোনীত করে পত্র প্রাপ্তির ক্ষেত্রে কিছুটা বিলম্ব হচ্ছে। | (খ) নিলাম কমিটির সদস্য মনোনয়ন প্রদানের জন্য পেট্রোবাংলার সাথে যোগাযোগ করতে হবে। রূপগঞ্জ গ্যাসক্ষেত্র, ফেঞ্চুগঞ্জ গ্যাসক্ষেত্র, মাধবপুর রিগবেইজ ও আঞ্চলিক কার্যালয় চট্টগ্রামে রক্ষিত বিভিন্ন প্রকার ব্যবহার অযোগ্য/ অকেজো মালামালসমূহ Condemn ঘোষণার প্রস্তাবসহ কার্যপত্র পরবর্তীতে বোর্ড সভায় উপস্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। সে লক্ষ্যে স্থানীয়ভাবে ০২ (দুই) জন কর্মকর্তার সমন্বয়ে কমিটি গঠন করে দ্রুত অকেজো মালামালের তালিকা প্রস্তুত করতে হবে। | (খ)মহাব্যবস্থাপক(প্রশাসন) এবং সংশ্লিষ্ট কমিটি |
| ৩। | আউটসোর্সিং ভিত্তিতে জনবল নিয়োগ | এ বিষয়ে মহাব্যবস্থাপক (প্রশাসন) সভায় জানান, অতিমারি কোভিড-১৯ এর কারণে আউটসোর্সিং ভিত্তিতে জনবল সরবরাহকারী প্রতিষ্ঠান ০১ (এক) মাস সময় চেয়ে বাপেক্স বরাবরে পত্র প্রেরণ করেছে। এ কারণে প্রাপ্ত তালিকা অনুযায়ী ২৮ জন কর্মচারীকে আউটসোর্সিং ভিত্তিতে নিয়োগের ব্যবস্থা গ্রহণ করা সম্ভব হয়নি। এ পর্যায়ে ব্যবস্থাপনা পরিচালক মহোদয় সভাকে অবহিত করেন যে, পেট্রোবাংলা অস্থায়ী কর্মচারীদের মজুরি খাতে আর কোন বাজেট বরাদ্দ প্রদান করবে না। ফলে অস্থায়ী ভিত্তিতে (কাজ নাই মজুরি নাই) তাদের কোম্পানির কাজে নিযুক্ত রাখার সুযোগ নেই। এমতাবস্থায়, মন্ত্রণালয় ও পেট্রোবাংলার প্রতিনিধির সমন্বয়ে কমিটি গঠন করে আগামী সপ্তাহ হতে আউটসোর্সিং ভিত্তিতে জনবল নিয়োগের জন্য মৌখিক/ব্যবহারিক পরীক্ষা নেয়ার উদ্যোগ গ্রহণ করতে হবে। | ১২-০৮-২০২১ তারিখের মধ্যে শূন্য পদের বিপরীতে প্রাপ্ত তালিকা অনুযায়ী মন্ত্রণালয় ও পেট্রোবাংলার প্রতিনিধির সমন্বয়ে কমিটি গঠন করে আগামী সপ্তাহ হতে আউটসোর্সিং ভিত্তিতে জনবল নিয়োগের জন্য মৌখিক/ব্যবহারিক পরীক্ষা নেয়ার উদ্যোগ গ্রহণ করতে হবে। | মহাব্যবস্থাপক (প্রশাসন), মহাব্যবস্থাপক (উৎপাদন) এবং উপমহাব্যবস্থাপক (সংস্থাপন) |

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ৪। | মাধবপুর রিগ বেইজের ভূমি এবং রূপগঞ্জ গ্যাসক্ষেত্রের জমি বাপেক্স-এর অনুকূলে রেজিস্ট্রেশন/ ক্রয় কার্য সম্পাদন | (ক) মাধবপুর রিগ বেইজের ভূমি বাপেক্সের অনুকূলে রেজিস্ট্রেশন/ ক্রয় এর বিষয়ে গঠিত কমিটির আহবায়ক মহাব্যবস্থাপক ও কোম্পানি সচিব জনাব মোঃ জাকির হোসেন সভাকে অবহিত করেন, কমিটি ইতোমধ্যে তিতাস গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী (টিজিটিডিসিএল)-এর ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সাথে সরাসরি সাক্ষাৎ করেছেন। তাছাড়া টিজিটিডিসিএল-এর মহাব্যবস্থাপক (পরিকল্পনা)-এর সাথেও নিয়মিত যোগযোগ করছেন। টিজিটিডিসিএল-এর মহাব্যবস্থাপক (পরিকল্পনা) জানিয়েছেন আগামী ০১ (এক) মাসের মধ্যে এতদ্ সংক্রান্ত কার্যপত্র বোর্ড সভায় উপস্থাপন করা হবে। তাছাড়া, সিদ্ধান্ত অনুযায়ী সংশ্লিষ্ট কমিটি মাধবপুর রিগ বেইজের ভূমি ক্রয়/লিজের সর্বশেষ অগ্রগতি বিষয়ে ১১ আগস্ট, ২০২১ তারিখে ব্যবস্থাপনা পরিচালক বরাবর প্রতিবেদন দাখিল করেছে। | (ক) সংশ্লিষ্ট কমিটি মাধবপুর রিগ বেইজের ভূমি ক্রয়/ লিজের বিষয়ে তিতাস গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী (টিজিটিডিসিএল)-এর সাথে নিয়মিত যোগাযোগ করে অগ্রগতি সংক্রান্ত তথ্যাদি ব্যবস্থাপনা পরিচালক-কে অবহিত করবে। | সংশ্লিষ্ট কমিটি |
| | | (খ) রূপগঞ্জ গ্যাসক্ষেত্রের জমির মালিকানার বিষয়ে ব্যবস্থাপনা পরিচালক জানতে চাইলে কোম্পানি সচিব ও মহাব্যবস্থাপক (নির্মাণ) সভায় জানান যে, তারা এতদ্বিষয়ে গণপূর্ত মন্ত্রণালয়ে গিয়ে সংশ্লিষ্ট অতিরিক্ত সচিবের সাথে সাক্ষাৎ করেছেন। এমনকি সংশ্লিষ্ট শাখায় এ বিষয়ে তথ্য সংগ্রহ করে জানতে পারেন যে, রীট মামলাজনিত কারণে এ ধরণের প্লট বরাদ্দের কার্যক্রম আপাততঃ স্থগীত আছে। তবে রীট মামলাটি নিষ্পত্তির পরে জমি রেজিস্ট্রেশনের কাজ সম্পন্ন করা সম্ভব হবে। এ প্রসঙ্গে ব্যবস্থাপনা পরিচালক বলেন, রূপগঞ্জ গ্যাসক্ষেত্রের জমির মালিকানা বাপেক্স-এর নিকট হস্তান্তরের জন্য রাজউক-এর সাথে যোগাযোগ করে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | (খ) রূপগঞ্জ গ্যাসক্ষেত্রের জমির মালিকানা বাপেক্স-এর নিকট হস্তান্তরের জন্য রাজউক-এর সাথে যোগাযোগ করতে হবে | সংশ্লিষ্ট কমিটি |
| ৫। | চট্টগ্রাম আঞ্চলিক কার্যালয়ে বহুতল ভবন নির্মাণ | চট্টগ্রাম আঞ্চলিক কার্যালয়ের খালি জায়গায় ভবন নির্মাণের বিষয়ে মহাব্যবস্থাপক (নির্মাণ) সভাকে অবহিত করেন যে, EOI এবং RFP প্রণয়নের জন্য ইতোমধ্যে কমিটি গঠন করা হয়েছে। কমিটি পর্যালোচনা ও নির্দেশনা অনুযায়ী ব্যবস্থাপনা পরিচালক বরাবরে আগামী ০১ (এক) মাসের মধ্যে প্রতিবেদন দাখিল করবে। | (খ) EOI এবং RFP প্রণয়নের জন্য গঠিত কমিটি আগামী ১৮ আগস্ট, ২০২১ তারিখের মধ্যে প্রতিবেদন দাখিল করবে। | মহাব্যবস্থাপক (নির্মাণ), মহাব্যবস্থাপক (প্রশাসন) এবং সংশ্লিষ্ট কমিটি |

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ৬। | ফেঞ্চুগঞ্জ কূপ - ৩ এবং সেমুতাং - ৫ ও ৬ কূপ খনন/ উন্নয়ন | মহাব্যবস্থাপক (ভূতত্ত্ব) এ বিষয়ে সভায় জানান যে, সেমুতাং- ৫ ও ৬ কূপ এবং সালদানদী-২ নং কূপের ওয়ার্কওভার-এর জন্য কাজ চলেছে। Wireline logging এবং DST এর জন্য দরপত্র কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে। তাছাড়া বিজয় রিগ-১০ দ্বারা ফেঞ্চুগঞ্জ-৩ কূপের ওয়ার্কওভার করার জন্য রিগ আপ সম্পন্ন করা হয়েছে। দ্রুততম সময়ের মধ্যে ওয়েল কিলিং এর কাজ আরম্ভ করা হবে। এ পর্যায়ে ব্যবস্থাপনা পরিচালক মহোদয় অতীব গুরুত্বপূর্ণ বিবেচনায় জকিগঞ্জ-২ কূপ খননের জন্য উক্ত এলাকায় দ্রুত Physibility Study সম্পন্ন করতে হবে মর্মে সভায় মতামত ব্যক্ত করেন। তিনি নভেম্বর, ২০২১ এর মধ্যে উক্ত এলাকায় ৩ডি সাইসমিক সার্ভে পরিচালনার জন্য মহাব্যবস্থাপক (ভূপদার্থ) কে নির্দেশনা প্রদান করেন। তিনি আরো বলেন, ৩টি কূপের Wireline logging এর জন্য দরপত্র বিজ্ঞপ্তি প্রকাশ করে ৪২তম দিনের মধ্যে দরপত্র মূল্যায়ন সম্পন্ন করতে হবে। | উল্লিখিত ৩টি কূপের ওয়ার্কওভারের নিমিত্তে Wireline logging এর জন্য দরপত্র বিজ্ঞপ্তি প্রকাশ করে ৪২তম দিনের মধ্যে দরপত্র মূল্যায়ন সম্পন্ন করতে হবে। জকিগঞ্জ-২ কূপ খননের জন্য মহাব্যবস্থাপক (ভূতত্ত্ব)-এর নেতৃত্বে দ্রুত Physibility Study সম্পন্ন করতে হবে। নভেম্বর, ২০২১ এর মধ্যে উক্ত এলাকায় ৩ডি সাইসমিক সার্ভে সম্পন্ন করতে হবে। | মহাব্যবস্থাপক(ভূতত্ত্ব) এবং মহাব্যবস্থাপক(ভূপদার্থ) |
| ৭। | কাপাসিয়া কূপ খনন স্থাপনায় স্টিল স্ট্রাকচার ভবন নির্মাণ | এ বিষয়ে কাজের অগ্রগতি জানতে চাইলে মহাব্যবস্থাপক (নির্মাণ) সভায় জানান, এ ধরনের নির্মাণ কৌশল বাপেক্স-এর জন্য একেবারেই নতুন। কোভিড-১৯ এর জন্য কাজটি বিলম্বিত হয়েছে। তবে ৪৫০০০ sft এর একটি স্টীল স্ট্রাকচার্ড ভবন নির্মাণের জন্য কমিটির প্রাক্কলন, ড্রয়িং এবং ডিজাইন আগামী ২০-০৮-২০২১ তারিখের মধ্যে পাওয়া যাবে। অতঃপর দরপত্র আহ্বান করা হবে। এ প্রসঙ্গে ব্যবস্থাপনা পরিচালক স্টিল স্ট্রাকচার ভবনটির ড্রয়িং এবং ডিজাইন অত্যাধুনিক মানের হওয়ার উপর গুরুত্বারোপ করেন। | কাপাসিয়া কূপ খনন স্থাপনায় স্টিল স্ট্রাকচার ভবনটির ডিজাইন যেন অত্যাধুনিক মানের হয় সে বিষয়ে লক্ষ্য রাখতে হবে। | মহাব্যবস্থাপক (নির্মাণ) |
| ৮। | শাহবাজপুর # ৩ কূপ এলাকা থেকে রিগ ও রিগ সংশ্লিষ্ট মালামাল স্থানান্তর | এ বিষয়ে মহাব্যবস্থাপক (প্রকৌশল) সভাকে জানান, শাহবাজপুর # ৩ কূপ এলাকা থেকে রিগ ও রিগ সংশ্লিষ্ট মালামাল স্থানান্তরের জন্য উন্মুক্ত পদ্ধতিতে দরপত্র আহবান করা হয়েছে। আগামী ১২-০৮-২১২১ তারিখে দরপত্র জমা হবে। | দ্রুততার সাথে দরপত্র মূল্যায়ন করে কার্যাদেশ প্রদান করতে হবে। | মহাব্যবস্থাপক (প্রকৌশল), প্রকল্প পরিচালক (রিগ পুনর্বাসন প্রকল্প) এবং উপমহাব্যবস্থাপক(স্থানীয় ক্রয়) |

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ৯। | শাহবাজপুর গ্যাস ক্ষেত্রের জন্য ৬০ এমএমসিএফডি ক্যাপাসিটির প্রসেস প্ল্যান্ট স্থাপন কাজের অগ্রগতি সংক্রান্ত | প্রকল্প পরিচালক সভায় জানান যে, শাহবাজপুর গ্যাসক্ষেত্র থেকে বোরহানুদ্দীন পর্যন্ত Gas Pipe line এর inlet manifold স্থাপনের জন্য স্থান চিহ্নিত করা হয়েছে। এছাড়া ওয়্যারহাউজ, ফায়ার ফাইটিং ইক্যুপমেন্ট ও রিজার্ভার, জেনারেটরসহ বিভিন্ন স্থাপনার জন্য স্থান নির্ধারণ সম্পন্ন করা হয়েছে। মহাব্যবস্থাপক (উৎপাদন) এ সম্পর্কে অবগত আছেন বলে সভায় জানান। | প্রকল্পের কাজ সম্পাদনের বিষয়টি/কাজের অগ্রগতি নিয়মিত পর্যবেক্ষণ করে ব্যবস্থাপনা পরিচালককে অবহিত করতে হবে। | প্রকল্প পরিচালক (৬০ এমএমসিএফডি প্রসেস প্লান্ট সংগ্রহ ও স্থাপন প্রকল্প) |
| ১০। | বিভাগওয়ারী মাসিক কার্য সম্পাদন প্রতিবেদন দাখিল সংক্রান্ত | ব্যবস্থাপনা পরিচালক কোন্ কোন্ বিভাগ হতে মাসিক কার্য সম্পাদন প্রতিবেদন পাওয়া গিয়েছে এ বিষয়ে জানতে চাইলে সভায় অবহিত করা হয়, প্রায় সকল বিভাগ হতে মাসিক কার্য সম্পাদন প্রতিবেদন পাওয়া গিয়েছে। আঞ্চলিক কার্যালয়, চট্টগ্রাম হতে মাসিক কার্য সম্পাদন প্রতিবেদনটি এখনও পাওয়া যায়নি। কতিপয় বিভাগের প্রতিবেদন মহাব্যবস্থাপক (পরিকল্পনা) বরাবরে প্রেরণ করায় কোম্পানি সচিবালয় কর্তৃক উক্ত প্রতিবেদন পেতে একটু বিলম্ব হয়েছে। এ পর্যায়ে ব্যবস্থাপনা পরিচালক আঞ্চলিক কার্যালয়, চট্টগ্রাম হতে আগামী ০৩ কার্যদিবসের মধ্যে মাসিক কার্য সম্পাদন প্রতিবেদন প্রেরণের জন্য মহাব্যবস্থাপক (আঞ্চলিক কার্যালয়, চট্টগ্রাম) কে অবহিত করার নির্দেশনা প্রদান করেন। সে সাথে তিনি সকল বিভাগের মহাব্যবস্থাপকগণকে নিয়মিতভাবে পরবর্তী মাসের ০৩ তারিখের মধ্যে সংক্ষিপ্ত আকারে কোম্পানি সচিব বরাবরে প্রতিবেদন দাখিলের নির্দেশনা প্রদান করেন। | প্রতিটি বিভাগ হতে নিয়মিতভাবে পরবর্তী মাসের ০৩ তারিখের মধ্যে মাসিক কার্য সম্পাদন প্রতিবেদন সংক্ষিপ্ত আকারে আবশ্যিকভাবে প্রেরণ করতে হবে। | সকল বিভাগীয় প্রধান, উপমহাব্যবস্থাপক (নিরীক্ষা) এবং সকল প্রকল্প পরিচালক |
| ১১। | রিগবেইজ-এর জন্য জমি ক্রয় | এ বিষয়ে উপমহাব্যবস্থাপক ও প্রকল্প পরিচালক জনাব মোঃ তোফায়েল উদ্দিন সিকদার সভায় বলেন, রিগবেইজের জন্য বেশ বড় জমি ক্রয়ের একটি পরিকল্পনা রয়েছে। তিনি আরও জানান জমিটি ভৈরবের পরে সিলেট রোডে হলে ভালো হয়। কয়েকটি জমি ইতোমধ্যে দেখা হয়েছে। তবে কভিড-১৯ পরিস্থিতির কারণে পূর্ণ কমিটি নিয়ে feasibility study করা সম্ভব হয়নি। এ পর্যায়ে ব্যবস্থাপনা পরিচালক পূর্ণাঙ্গ টিম নিয়ে অতিদ্রুত feasibility study সম্পন্ন করার নির্দেশনা প্রদান করেন। আলোচনাকালে মহাব্যবস্থাপক (প্রকৌশল) সভায় জানান যে, রিগ ম্যান্টেইনেন্স এর জন্য মবিলাইজেশনের | (ক) কোভিড পরিস্থিতির উন্নতি ঘটলে দ্রুততার সাথে feasibility study সম্পন্ন করতে হবে।<br><br>(খ) ভবিষ্যতে ডিপিপি প্রণয়নের সময় রিগ মেরামত ও রক্ষণাবেক্ষণ, রিগ রং করানো, রিগ মবিলাইজেশন-ডিমবিলাইজেশন খরচ ডিপিপি-তে অন্তর্ভুক্ত করার পদক্ষেপ গ্রহণ করতে হবে। | মহাব্যবস্থাপক (প্রকৌশল), মহাব্যবস্থাপক (পরিকল্পনা) এবং সংশ্লিষ্ট কমিটি। |

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | পরে যেখানে রিগ আপ হবে সেখানে maintenance করা উচিত। আর রিগ মবিলাইজেশনের ঠিক আগে রিগ পরিষ্কার ও রং করানো যেতে পারে। এ পর্যায়ে উপমহাব্যবস্থাপক(সেবা) একটি কূপ খনন কাজ শেষে রিগ maintenance সহ আনুষঙ্গিক কাজের ব্যয় ঐ প্রকল্পের ডিপিপি-তে অন্তর্ভুক্ত করার বিষয়টি বিবেচনার প্রস্তাব করেন। ব্যবস্থাপনা পরিচালক ভবিষ্যতে ডিপিপি প্রণয়নের সময় মেরামত ও রক্ষণাবেক্ষণ, রিগ রং করানো, রিগ মবিলাইজেশন-ডিমবিলাইজেশন খরচ ডিপিপি-তে অন্তর্ভুক্ত করার পরামর্শ প্রদান করেন। | | |
| ১২। | সালদা-২ কূপের ওয়ার্কওভার | এ বিষয়ে মহাব্যবস্থাপক (খনন) সভাকে জানান যে, সালদা- ২ কূপে slim hole run করে ওয়ার্ক ওভার সম্পন্ন করার জন্য পূর্ববর্তী মাসিক সমন্বয় সভার সিদ্ধান্ত অনুযায়ী কার্যপত্র প্রস্তুত করা হয়েছে যা পরিচালনা পর্ষদের অনুমোদনের জন্য ৪৪৩তম পর্ষদ সভায় উপস্থাপন করা হবে। আলোচনার এ পর্যায়ে ব্যবস্থাপনা পরিচালক সভায় জানান যে, সালদানদী-২ কূপে রিগ প্যাডের কাজ দ্রুত সম্পন্ন করে ৩০ সেপ্টেম্বরের মধ্যে রিগ মোবিলাইজেশন সম্পন্ন করতে হবে। | সালদানদী-২ কূপে রিগ প্যাডের কাজ দ্রুত সম্পন্ন করে ৩০ সেপ্টেম্বরের মধ্যে রিগ মোবিলাইজেশন সম্পন্ন করতে হবে। উক্ত কূপের দ্রুত ওয়ার্কওভার সম্পন্ন করার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | মহাব্যবস্থাপক (খনন) |
| ১৩। | **Deep Drilling** কার্যক্রম গ্রহণ | মহাব্যবস্থাপক (ভূতাত্ত্বিক) জনাব মোঃ আলমগীর হোসেন সভায় জানান যে, Deep Drilling এর লক্ষ্যে সম্ভাব্যতা যাচাই করে আপাততঃ বাপেক্স এর জন্য মোবারকপুর ও শ্রীকাইল এর দুটি লোকেশনের প্রস্তাবনা দেয়া হয়েছে। | Deep Drilling এর জন্য দ্রুততার সাথে EOI সম্পন্ন করে JVA পার্টনার নির্বাচন করার জন্য কার্যপত্র প্রস্তুত করে পরবর্তী বোর্ড সভায় উপস্থাপন করবে। | মহাব্যবস্থাপক(ভূতাত্ত্বিক) এবং মহাব্যবস্থাপক(ভূপদার্থিক) |
| ১৪। | অফিসের নিরাপত্তা ব্যবস্থা জোরদারকরণ | ব্যবস্থাপনা পরিচালক মহোদয় বলেন বাপেক্স ভবনসহ অফিসের সার্বিক নিরাপত্তা ব্যবস্থার আরও উন্নতি সাধন করতে হবে। এ লক্ষ্যে পেট্রোবাংলার আদলে বাপেক্সের বাউন্ডারি প্রাচির নির্মাণ/সংস্কারকরণ, প্রয়োজনীয় সংখ্যক সিসি ক্যামেরা সংযোজন, অফিসে প্রবেশ ও বাহির হওয়ার বিষয়টি নিয়ন্ত্রণের জন্য ফিঙ্গার প্রিন্ট মেশিনটি সচলকরণের ব্যবস্থা নিতে হবে। এ লক্ষ্যে একটি কমিটি গঠন করা যেতে পারে। | বাপেক্স ভবনসহ অফিসের সার্বিক নিরাপত্তা ব্যবস্থা জোরদার করার লক্ষ্যে প্রয়োজনীয় সুপারিশ প্রণয়নের জন্য নিম্নবর্ণিত কর্মকর্তাদের সমন্বয়ে একটি কমিটি গঠন করতে হবেঃ<br>(১) মহাব্যবস্থাপক(আরএন্ডডি)—আহ্বায়ক<br>(২) মহাব্যবস্থাপক (ভূপদার্থ)—সদস্য<br>(৩) মহাব্যবস্থাপক (নির্মাণ)—সদস্য<br>(৪) উপমহাব্যবস্থাপক (আইসিটি)—সদস্য<br>(৫) উপমহাব্যবস্থাপক (সেবা)—সদস্য সচিব। | মহাব্যবস্থাপক (প্রশাসন) |

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১৫। | বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠানের জন্য প্রস্তুতি গ্রহণ | ব্যবস্থাপনা পরিচালক মহোদয় কোম্পানির পরিশোধিত মূলধন বৃদ্ধির লক্ষ্যে Consultant Firm বা চার্টার্ড একাউন্ট্যান্টস ফার্ম নিয়োগ করা হয়েছে কিনা জিজ্ঞাস্যের জবাবে মহাব্যবস্থাপক ও কোম্পানি সচিব সভায় জানান যে, Consultant Firm নিয়োগের জন্য গঠিত প্রাক্কলন কমিটির প্রতিবেদনের আলোকে RFQ করা হবে। কার্যক্রম চলছে বলে তিনি জানান। এ পর্যায়ে ব্যবস্থাপনা পরিচালক বার্ষিক সাধারণ সভার জন্য প্রতিবেদন প্রণয়ন ও মুদ্রণ কমিটির কার্যক্রম দ্রুত সম্পন্নের উপর গুরুত্ব আরোপ করেন। | কোম্পানির পরিশোধিত মূলধন বৃদ্ধির লক্ষ্যে RFQ সম্পন্ন করে আগামী ১২-০৮-২০২১ তারিখের মধ্যে Consultant Firm বা চার্টার্ড একাউন্ট্যান্টস ফার্ম নিয়োগ করতে হবে। তাছাড়া বার্ষিক প্রতিবেদন প্রণয়ন ও মুদ্রণ কমিটির কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে। | মহাব্যবস্থাপক (প্রশাসন)<br>উপমহাব্যবস্থাপক (স্থানীয় ক্রয়) এবং<br>বার্ষিক প্রতিবেদন প্রণয়ন কমিটি। |
| ১৬। | অডিট আপত্তি নিষ্পত্তিকরণ | অডিট আপত্তি বিষয়ে উপমহাব্যবস্থাপক(নিরীক্ষা) সভাকে অবহিত করেন যে, বর্তমানে বাপেক্স-এর ৯২টি সাধারণ এবং ২৪২টি অগ্রিমসহ মোট ৩৩৪টি নিরীক্ষা আপত্তি রয়েছে। তন্মধ্যে ২০১৯-২০২০ অর্থবছরে বহিঃনিরীক্ষক কর্তৃক মোট ৩৯টি আপত্তি উত্থাপিত হয়েছে। এ নিরীক্ষা আপত্তি নিষ্পত্তি একটি দীর্ঘ প্রক্রিয়া। উত্থাপিত নিরীক্ষা আপত্তি নিষ্পত্তির জন্য প্রাথমিকভাবে জবাব দিতে হবে। জবাব প্রদানের পর বহিঃনিরীক্ষক কর্তৃক মন্তব্য পাওয়া গেলে মিটিং এর জন্য প্রস্তাব পাঠাতে হয়। ব্যবস্থাপনা পরিচালক মহোদয় বিষয়টি অবহিত হয়ে সভাকে জানান যে, অডিট আপত্তি নিষ্পত্তি করা নিরীক্ষা উপবিভাগের কাজ। কাজেই অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে সংশ্লিষ্ট বিভাগের সাথে সমন্বয় করে আপত্তির প্রাথমিক জবাব প্রস্তুত করে ব্যবস্থাপনা পরিচালক মহোদয়কে দেখিয়ে দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে। | বাপেক্সের অডিট আপত্তিসমূহ নিষ্পত্তির লক্ষ্যে সংশ্লিষ্ট বিভাগের সাথে সমন্বয় করে আপত্তির প্রাথমিক জবাব প্রস্তুত করে ব্যবস্থাপনা পরিচালক মহোদয়কে দেখিয়ে দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে। | মহাব্যবস্থাপক (সকল বিভাগ) ও উপমহাব্যবস্থাপক (নিরীক্ষা) |
| ১৭। | স্থানীয় ও বৈদেশিক প্রশিক্ষণ | ব্যবস্থাপনা পরিচালক মহোদয়কে সভায় জানান যে, কোভিড-১৯ পরিস্থিতির কিছুটা উন্নতি হয়েছে। Top-drive এর উপর ০৪ হতে ০৬ জন কর্মকর্তার সমন্বয়ে একটি দক্ষ ও প্রশিক্ষিত টিম গঠন করা খুবই দরকার। এ লক্ষ্যে Top-drive ও Well Control এর উপর স্থানীয় ও বৈদেশিক প্রশিক্ষণের ব্যবস্থা নেয়া প্রয়োজন। তাছাড়া Local অন্যান্য Training এর উপর জোর দিতে হবে। | Top-drive ও Well Control বিষয়ে বৈদেশিক প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। এ ছাড়া Local অন্যান্য Training এর উপর জোর দিতে হবে। | মহাব্যবস্থাপক(পরিকল্পনা) এবং উপমহাব্যবস্থাপক (এইচআরএম) |

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১৮। | দরপত্র মূল্যায়ন দ্রুত সম্পন্নকরণ | ব্যবস্থাপনা পরিচালক মহোদয়কে সভায় বলেন যে, সকল প্রকল্পের কাজের অগ্রগতি সঠিক সময়ে স্থানীয় ও বৈদেশিক ক্রয় কার্য সমাপ্তির উপর অনেকাংশে নির্ভশীল। প্রকল্পের কাজের গতি বৃদ্ধির লক্ষ্যে সকল প্রকার দরপত্রের মূল্যায়ন কাজ ০৮ দিনের মধ্যে সম্পন্ন করতে হবে। কোন মূল্যায়ন কার্যক্রম বিলম্বিত হলে সংশ্লিষ্ট মূল্যায়ন কমিটির আহ্বায়ক ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন। | দরপত্রের মূল্যায়ন কাজ ০৮ দিনের মধ্যে সম্পন্ন করতে হবে। কোন মূল্যায়ন কার্যক্রম বিলম্বিত হলে সংশ্লিষ্ট মূল্যায়ন কমিটির আহ্বায়ক ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন। | মহাব্যবস্থাপক (সকল বিভাগ) ও উপমহাব্যবস্থাপক (স্থানীয় ক্রয়) / উপমহাব্যবস্থাপক (বৈদেশিক ক্রয়) |
| ২১। | সিলেট-৮ কূপে রিগ স্থানান্তর | সিলেট- ৮ কূপে রিগ স্থানান্তর বিষয়ে মহাব্যবস্থাপক (খনন) সভায় জানান যে, এসজিএফএল হতে রিগ স্থানান্তর বিষয়ে একটি পত্র পেতে হবে। উক্ত পত্র পাওয়া গেলেই রিগ মালামাল স্থানান্তর কার্যক্রম শুরু করা সম্ভব হবে। | এসজিএফএল এর সাথে যোগাযোগ করে রিগ স্থানান্তর বিষয়ে একটি সম্মতিপত্র পাওয়ার ব্যবস্থা গ্রহণ করতে হবে। | মহাব্যবস্থাপক (খনন) ও উপমহাব্যবস্থাপক (যান্ত্রিক) |

পরিশেষে ব্যবস্থাপনা পরিচালক উপস্থিত সকলের উদ্দেশ্যে বলেন, প্রায় প্রতিটি প্রকল্পের কাজ নির্দিষ্ট সময়ের মধ্যে ও ডিপিপি-তে অন্তর্ভুক্ত খরচের চেয়ে কম খরচে সম্পন্ন করতে সক্ষম হওয়ায় প্রধানমন্ত্রী কর্তৃক বাপেক্স জাতীয় পর্যায়ে প্রশংসিত হয়েছে এবং বাপেক্স একটি রোল মডেলে পরিণত হয়েছে। তিনি এ জন্য বাপেক্সের সকল স্তরের কর্মকর্তা-কর্মচারীকে আন্তরিক ধন্যবাদ জানান এবং ভবিষ্যতে এ ধারা অব্যাহত রাখার অনুরোধ করেন।

আর কোন আলোচনা না থাকায় সকলের নিরাপদ ও সুস্থ্য জীবন কামনা করে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৭।০৮।২০২১

(মোহাম্মদ আলী)
ব্যবস্থাপনা পরিচালক
এবং
সভাপতি, মাসিক সমন্বয় সভা

বিতরণ (অবগতি ও কার্যার্থে):

১) মহাব্যবস্থাপক/উপমহাব্যবস্থাপক/প্রকল্প পরিচালক/স্থাপনা প্রধান/জনাব/বেগম ........................................................................................, বাপেক্স।